137

ভোরের কাগজ

তারিখ ... MAR. 8 .. 1999 ... ...
পৃষ্ঠা: ৩২ কলাম ১ ......

বইমেলা কথকতা

# প্রকাশিত হয়েছে এক হাজারেরও বেশি বই

মানস ঘোষ : বইমেলা শেষ হতে বাকি আর দুদিন। গত এক মাসে এই বইমেলাকে ঘিরে প্রায় হাজারখানেক বই প্রকাশিত হয়েছে। ধারনা করা হচ্ছে সবমিলিয়ে বিক্রি হবে কোটি টাকারও বেশি।

প্রতিবছরের মতো এবারো ফেব্রুয়ারি মাসে দেশের প্রকাশনা শিল্প ছিল তুঙ্গে। কিন্তু তারপর? বছরের বাকি সময়টায় দেশের বই বাজারের চিত্রটা কেমন থাকে? একজন তরুণ লেখক বললেন, 'ঘুমোবে। আমাদের প্রকাশনা সংস্থাগুলো বাকি মাসগুলো নির্ঘাত শুধু ঘুমিয়ে কাটাবে।' তাই হবে হয়তো। তা না হলে প্রতিবছর মেলা শেষে বইয়ের আর কোনো খোঁজ থাকে না কেন?

এ প্রসঙ্গে অন্যপ্রকাশের মাজহারুল ইসলাম বললেন, কিছু বই আছে যেগুলো শুধু মেলাতেই চলে। মেলা শেষে এ সব বইয়ের খোঁজও কেউ করে না। মাওলা ব্রাদার্সের মাহমুদুল হক সরকার বললেন, বইমেলায় টাকাটা দ্রুত উঠে আসে। বছরের অন্যান্য সময় তা হয় না। তাই ঝুঁকি নিয়ে কেউ বইমেলার পরে ভালো বই প্রকাশ করতে চায় না। এমন উত্তর শুনে একজন লেখক মন্তব্য করলেন 'আসলে এ দেশের প্রকাশকদের মধ্যে এখনো ব্যবসায়িক মনোবৃত্তি গড়ে ওঠেনি। সব ব্যবসাতেই ঝুঁকি থাকবে। তাই বলে ব্যবসা গুটিয়ে নিতে হবে নাকি।'

অনুপমের মিলননাথ বললেন, 'ব্যবসা আমরা গুটাই না। তবে এটাও ঠিক, বছরের বাকী সময়ে ভালো বই প্রকাশিত হয় না। কারণ পাঠক যদি না জানলো তবে বই প্রকাশ করে লাভ কি।

প্রখ্যাত কথা সাহিত্যিক ও গবেষক বশীর আল হেলালের 'ভাষা আন্দোলনের ইতিহাস' বইটি এবারের বইমেলা উপলক্ষে নতুনভাবে প্রকাশিত হয়েছে। ১৯৮৫ সালে বহুল আলোচিত এই বইটি প্রথম প্রকাশিত হয়েছিল বাংলা একাডেমী থেকে। ভাষা আন্দোলনের ঐতিহাসিক প্রেক্ষাপট, আন্দোলনের ঘটনা পরম্পরার ইতিহাস এবং বাংলাভাষার সংস্কার প্রয়াসের উপর তিন খণ্ডের এই গ্রন্থটি একত্রে প্রকাশ করেছে আগামী প্রকাশনী। গতকালই প্রথম মেলায় বইটি এসেছে, মূল্য : ৬০০ টাকা।

**বইমেলায় আলোচিত মননশীল নতুন বই**

**জীবন স্মৃতি,** *শরদিন্দু দস্তিদার*

প্রবীণ রাজনীতিবিদ শরদিন্দু দস্তিদার বাংলাদেশের রাজনীতিতে সর্বজনশ্রদ্ধেয়। ১৯১৯ সালে চট্টগ্রামে জন্মগ্রহণকারী ত্যাগী এই বাম নেতা রাজনীতির সঙ্গে যুক্ত ব্রিটিশ আমল থেকে। তার দীর্ঘ রাজনৈতিক জীবনে ব্রিটিশ ও পাকিস্তানি আমলের ঘটনাবলীর স্মৃতিচারণমূলক এই বইটি প্রকাশ করেছে সাহিত্য প্রকাশ, মূল্য : ১৩০ টাকা।

**রবীন্দ্র সঙ্গীতের ভাব সম্পদ,** *সন্‌জীদা খাতুন*

কলকাতার বিশ্বভারতীতে ১৯৭৫-৭৬ সালে পিএইচডি ডিগ্রির জন্য লেখা সন্‌জীদা খাতুনের এই গ্রন্থটি আগে মুক্তধারা থেকে প্রকাশিত হয়েছিল। বইটি পরে কলকাতা থেকে বের হয়। রবীন্দ্র সঙ্গীতের ভাবসম্পদ, বাণীপ্রধান গান, সুরপ্রধান গান, ছন্দপ্রধান গান ইত্যাদি গবেষণামূলক প্রবন্ধে এই বইটি মেলা উপলক্ষে নতুন করে প্রকাশ করেছে অবসর প্রকাশনী, মূল্য : ১৩০ টাকা।

**মুক্তিযুদ্ধে কসবা,** *মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র*

১৯৭১ সালের সশস্ত্র মুক্তিযুদ্ধে ভৌগোলিক অবস্থানের কারণে কসবা একটি গুরুত্বপূর্ণ স্থান দখল করেছিল। কসবা এলাকার মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী ও প্রত্যক্ষদর্শীর বিবরণ থেকে যুদ্ধদিনের ঘটনাগুলো ইতিহাসের উপকরণ হিসেবে বেরিয়ে এসেছে। বইটির সম্পাদনার দায়িত্ব পালন করেছেন মঈদুল হাসান, সুকুমার বিশ্বাস, নূরুল ইসলাম মঞ্জুর। প্রকাশক ইউপিএল, মূল্য : ২৭০ টাকা।

**আমলার দিনলিপি,** *কাজী ফজলুর রহমান*

নভেম্বর ১৯৭৫ থেকে ডিসেম্বর ৭৭ পর্যন্ত দেশের জন্য ছিল এক দিকভ্রান্ত অস্থির সময়। সেই সময়ের পেট্রোলিয়াম ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সচিব কাজী ফজলুর রহমান ক্ষমতার অধিকারী নায়ক, উপনায়ক, খলনায়ক ও তাদের পার্শ্বচরদের বেশ কাছে থেকে দেখেছেন। তাৎক্ষণিকভাবে তার দিনলিপিতে ধরে রাখা ঘটনাগুলোই সংকলিত হয়েছে গ্রন্থটিতে। প্রকাশক : মাওলা ব্রাদার্স, মূল্য : ১২৫ টাকা।